দৈনিক
জনকণ্ঠ

তারিখ 26 JUL 2005
পৃষ্ঠা ২ কলাম ২

# ফজিলাতুন্নেছা হলের ঘটনা ॥ প্রশাসনের নির্লিপ্ততায় শিক্ষক সমিতির উদ্বেগ

**স্টাফ রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা হলের চলমান পরিস্থিতি সুরাহায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্লিপ্ততায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। তাঁরা হলের শৃঙ্খলা ফিরিয়ে এনে ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানিয়ে বলেছেন, হলে অনিরাপত্তাজনিত কারণে কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে এর জন্য কর্তৃপক্ষই দায়ী থাকবে। হলের সামগ্রিক পরিস্থিতি নিয়ে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আজ সাড়ে তিনটায় উপাচার্যের সঙ্গে দেখা করবেন। সোমবার রাতে সমিতির কার্যকরী পরিষদের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত হয়। সমিতির সভাপতি অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ড. আখতারুজ্জামানের পরিচালনায় সভা অনুষ্ঠিত হয়। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় অভিভাবক সমিতি এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেছা মুজিব হলের সাম্প্রতিক ঘটনা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। অভিভাবকবৃন্দ উদ্বেগ প্রকাশ করে বলেছেন, হল প্রশাসন ছাড়া একটি হল এক সপ্তাহ ধরে চলছে অথচ বিশ্ববিদ্যালয় প্রশাসন যথাযথ ব্যবস্থা গ্রহণ করছে না। এ ব্যাপারে অভিভাবক সমিতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে প্রভোস্ট ও হাউস টিউটর নিয়োগের দাবি জানিয়ে ছাত্রীদের যুক্তিসঙ্গত দাবি মেনে নেয়ার আবেদন জানিয়েছে।